মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় ঃ বাড়ী নং-০৩, রোড নং- ই/১, ব্লক-সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

স্মারক নং ঃ সিশিবো/বিদ্য/হবিগঞ্জ-৯৩/ ১১০৪

তারিখঃ ৩১/০৫/১৪১৬ বাং
১৫/০৯/২০০৯ খ্রিঃ

বিষয় ঃ অতিরিক্ত শ্রেণী শাখা বহাল রাখার বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ-১১/৩(১০)/৯৯/২১৩, তারিখ ঃ ১০/০২/২০০৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলাধীন শাহজাহানপুর উচ্চ বিদ্যালয়ের ৬ষ্ঠ,৭ম ও ৮ম শ্রেণীতে বিদ্যমান ০১টি করে মোট ০৩(তিন) টি অতিরিক্ত শ্রেণী শাখা ("খ"শাখা) বহাল রাখার আবেদনের প্রেক্ষিতে বিদ্যালয়টি সরেজমিন পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি ঃ (ক) প্রতিবেদন -০২ পাতা।
(খ) সর্বোচ্চ শিক্ষক এম.পি.ও ভুক্তির তালিকা- ১ পাতা।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

[illegible]
(মোঃ আব্দুল মান্নান খান) [illegible]
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক ঃ মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি ঃ

১. জেলা শিক্ষা কর্মকর্তা, হবিগঞ্জ।
২. প্রধান শিক্ষক, শাহজাহানপুর উচ্চ বিদ্যালয় ,হবিগঞ্জ সদর,হবিগঞ্জ।
৩.চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় ঃ বাড়ী নং-০৩, রোড নং- ই/১, ব্লক-সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনের তারিখ ঃ ১৯/০৪/২০০৯ খ্রিঃ

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ শাহজাহানপুর উচ্চ বিদ্যালয়,মাধবপুর, হবিগঞ্জ।

প্রতিষ্ঠার সন ঃ ০১/০১/১৯৭০ খ্রিঃ

বর্তমান স্বীকৃতির মেয়াদ ঃ ৩১/১২/২০১১ খ্রিঃ পর্যন্ত

ম্যানেজিং কমিটি ঃ শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত নিয়মিত ম্যানেজিং কমিটি বিদ্যমান।

ম্যানেজিং কমিটির মেয়াদ ঃ ০৩/০৫/২০০৯ খ্রিঃ পর্যন্ত।

শ্রেণী ভিত্তিক শাখা ও শিক্ষার্থীর বিবরণী ঃ

শ্রেণী	শাখা	মোট শিক্ষার্থী	উপস্থিত শিক্ষার্থী	বহাল রাখার জন্য আবেদনকৃত শাখাসমূহ	মন্তব্য
ষষ্ঠ	(ক)	১৫১	১৪৫	৬ষ্ঠ ("খ")	১০০০ - এর অধিক শিক্ষার্থী ভর্তির অনুমতি রয়েছে। এতদসঙ্গে সর্বোচ্চ এম.পি.ও ভুক্ত শিক্ষকের তালিকা সংযুক্ত।
ষষ্ঠ	(খ)	১৬৮	১৬১		
৭ম	(ক)	১১৮	১১৬	৭ম ("খ")	
৭ম	(খ)	১৪২	১২৭		
৮ম	(ক)	৭৯	৬৪	৮ম ("খ")	
৮ম	(খ)	১০০	৯৮		
৯ম	(ক)	১৬৫	১৫৭	....	
১০ম	(ক)	১৫৭	১৩৯	....	
সর্বমোট	০৮	১০৮০	১০০৭	০৩	

এস,এস,সি পরীক্ষার ফলাফল বিবরণী ঃ

পরীক্ষার সন	মোট পরীক্ষার্থী	পাশের সংখ্যা	পাশের হার	গড় পাশের হার
২০০৬	৭১	৩১	৪৩.০৫%	৫৩.৩৯%
২০০৭	৭৪	৪৩	৫৮.১১%	
২০০৮	৬১	৩৬	৫৯.০১%	

শিক্ষক-শিক্ষিকা ঃ ১১ জন (শিক্ষক- ০,শিক্ষিকা- ০ জন)

এম পি ও ভুক্ত ঃ ১০ জন, এম পি ও বহির্ভূত ঃ ০১ জন

অনুমোদিত বিভাগ ঃ বিজ্ঞান ও মানবিক

বিদ্যালয়ের জমির পরিমান ঃ ১.৭১ একর, প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রিকৃত।

বিদ্যালয় গৃহের বিবরণ ঃ মোট ভবন - ০৪টি, তন্মধ্যে পাকা ভবন - ০১টি এবং আধা পাকা ভবন-০৩টি।

মোট আয়তন ঃ শ্রেণী কক্ষের মোট আয়তন -৮৬০০.২৫বর্গমিটার

কক্ষ সংখ্যা ঃ সর্বমোট - ১৯ টি। প্রশাসনিক কক্ষ- ০১ টি, শিক্ষক মিলনায়তন-০১ টি, শ্রেণী কক্ষ-১০টি, বিজ্ঞানাগার-০১ টি কম্পিউটার ল্যাব- ০১টি , গ্রন্থাগার-০১টি ,নামাজের কক্ষ-০১টি,স্টোর রুম -০১টি, অন্যান্য কক্ষ- ০২টি।

চলমান পাতা - ১

আসবাব পত্র(শ্রেণী কক্ষে) ঃ ডেস্ক -১৮১ টি, বেঞ্চ -১৮১টি, চেয়ার- ৩৮টি, টেবিল - ১৬টি , আলমারী-০৮ টি,এবং প্রত্যেক রুমে প্রয়োজনীয় লাইট ও ফ্যান রয়েছে।

কম্পিউটার ঃ ০২টি (বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ রয়েছে)।

টিউবওয়েল ঃ ০২টি,

টয়লেট ঃ ০৩টি (শিক্ষকদের ০১ টি, শিক্ষার্থীদের ০২ টি) ।

মন্তব্য ও সুপারিশ ঃ অতিরিক্ত শ্রেণী শাখা বহাল আবেদনের প্রেক্ষিতে বিদ্যালয়টি আকস্মিক পরিদর্শন করা হয়। বিদ্যালয়টি হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলায় অবস্থিত। বিদ্যালয়টিতে পাঠদান কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজন অনুযায়ী শ্রেণী কক্ষ ও আসবাবপত্র বিদ্যমান। পাঠদানের জন্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ব্যবহার করা হয়। মাধ্যমিক পরীক্ষার ফলাফল মোটামুটি সন্তোষজনক। বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ রয়েছে। শ্রেণী কক্ষে প্রয়োজন অনুযায়ী সিলিং ফ্যান ও বৈদুতিক বাল্ব আছে। বিদ্যালয়ে মোট শিক্ষার্থীর সংখ্যা ১০৮০ জন। তন্মধ্যে ৬ষ্ঠ শ্রেণীতে ৩১৯ জন,৭ম শ্রেণীতে ২৬০ জন,৮ম শ্রেণীতে ১৭৯ জন ছাত্র-ছাত্রী অধ্যয়নরত আছে। পরিদর্শনকালে বিদ্যালয়ের শিক্ষক হাজিরা, ছাত্র-ছাত্রী হাজিরা ও এম.পি.ও. শীট পর্যালোচনা করে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীতে ("খ") শাখা করে মোট ০৩ (তিন) টি অতিরিক্ত শ্রেণী শাখা বিদ্যমান থাকার প্রমাণ পাওয়া যায়। কিন্তু এতদসংক্রান্ত বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের কোন কপি দেখাতে পারেননি। তবে বিদ্যমান শাখাসমূহের স্বপক্ষে বিদ্যালয়ের সর্বোচ্চ সংখ্যক এম.পি.ও.ভুক্ত শিক্ষকদের একটি তালিকা প্রধান শিক্ষক দাখিল করেছেন যা এতদসঙ্গে সংযুক্ত করে দেয়া হল। শিক্ষার প্রসার ও মান উন্নয়নের স্বার্থে বর্তমান প্রেক্ষাপটেও অতিরিক্ত শ্রেণী শাখাগুলোর প্রয়োজনীয়তা রয়েছে।

যেহেতু প্রয়োজনীয় শিক্ষার্থী ও অবকাঠামো বিদ্যমান এবং অতীতে অতিরিক্ত শ্রেণী শাখাগুলোর বিপরীতে এম.পি.ও. ভুক্ত শিক্ষক ছিল তাই নিবিড়ভাবে পাঠদান কার্যক্রম সম্পাদনের জন্য ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীতে 'খ' শাখা করে মোট ০৩ (তিন)টি অতিরিক্ত শ্রেণী শাখা বহাল রাখার অনুমোদন দেয়া যেতে পারে।

সদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

(মোঃ আব্দুল মান্নান খান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।